গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা
www.emrd.gov.bd

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০৪৪.৯৯.০০৪.২২.৬৯

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৯
১১ ডিসেম্বর ২০২২

বিষয়: মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং (নভেম্বর,২০২২) প্রতিবেদন প্রেরণ।

২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে লক্ষ্যে মাসিকভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং কমিটির নভেম্বর,২০২২ মাসের প্রতিবেদন সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১১/১২/২০২২
মো: মাফরুল আলম
প্রোগ্রামার
ফোন: ৯৫৮৪৮৮৯
ইমেইল: programmer@emrd.gov.bd

সংযুক্তি: নভেম্বর, ২০২২ মাসের প্রতিবেদন

সিনিয়র সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
[দৃ: আ: যুগ্মসচিব(প্রশাসন-১), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ]

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল ((জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)):
১) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
২) সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩) উপসচিব (বাজেট অধিশাখা), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৪) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৫) ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড, সিলেট
৬) মহাব্যবস্থাপক ও প্রকল্প পরিচালক, সিলেট ৯নং কূপ খনন প্রকল্প, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
৭) উপ-মহাব্যবস্থাপক(ভিজিল্যান্স), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৮) প্রকল্প পরিচালক, শরিয়তপুর-১ অনুসন্ধান কূপ খনন প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৯) প্রকল্প পরিচালক, ২টি অনুসন্ধান কূপ (টবগী-১, ইলিশা-১) ও ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (ভোলা নর্থ-২) খনন প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
১০) উপ-মহাব্যবস্থাপক (উন্নয়ন) ও প্রকল্প পরিচালক, কৈলাশটিলা-৮নং কূপ (অনুসন্ধান কূপ) খনন প্রকল্প, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
১১) উপমহাব্যবস্থাপক (পেট্রোলিয়াম ইঞ্জিনিয়ারিং) ও প্রকল্প পরিচালক, সিলেট ১০নং কূপ খনন (অনুসন্ধান কূপ) প্রকল্প, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
১২) সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
১৩) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১১/১২/২০২২
মো: মাফরুল আলম
প্রোগ্রামার

## মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য গঠিত কমিটির নভেম্বর, ২০২২মাসের প্রতিবেদন

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বা এপিএ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম মনিটরিং এর জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২৭ জুলাই, ২০২২ তারিখের ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ সংখ্যক অফিস আদেশবলে মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য কমিটি পুনর্গঠন করা হয়। কার্যপরিধি অনুযায়ী উক্ত কার্যক্রমের ওপর কমিটি প্রতিমাসে অন্তত একটিসহ ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে। কমিটির কার্যপরিধির আওতায় জ্বালানি অনুসন্ধান কাজের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন কোম্পানির কর্মকর্তাদের নিয়ে গত ১ ডিসেম্বর, ২০২২ তারিখ নভেম্বর, ২০২২ মাসের জ্বালানি অনুসন্ধান কার্যক্রমের অগ্রগতি বিষয়ক একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সার্বিক দিক পর্যালোচনা করে পাঁচটি সিদ্ধান্ত গৃহীত হয় যা জ্বালানি অনুসন্ধান কার্যক্রমকে ত্বরান্বিত করবে।

**২। লক্ষ্যমাত্রাঃ**

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত ২০২২-২৩ অর্থবছরের এপিএ-এর অন্যতম কৌশলগত উদ্দেশ্য 'জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান' এর আওতায় ২ (দুই)টি উৎস অনুসন্ধানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

ভোলা জেলায় টবগী#১ অনুসন্ধান কূপ খননের কার্যক্রম টার্ন কী ভিত্তিতে রাশিয়ার প্রতিষ্ঠান গ্যাজপ্রম (Gazprom EP International Investments B.V) এর মাধ্যমে গৃহীত হয়। গত ১৬/৬/২০২২ তারিখ রিগ আপ সম্পন্ন করে পরিকল্পনা অনুযায়ী ১৯/৮/২০২২ তারিখের মধ্যে মূল খনন কার্যক্রম শুরু করা হয়। টার্গেট অনুযায়ী ৩,৫২৪ মিটার গভীরতায় খনন কার্যক্রম ২৯/৯/২০২২ তারিখ সম্পন্ন হয়। পরবর্তীতে ২৬/১০/২০২২ তারিখ হতে কূপ খনন পরবর্তী ডিএসটি, টেস্টিং ও আনুষাঙ্গিক কার্যক্রম সম্পন্ন করা হয়। টেস্টিং কার্যক্রমে উক্ত কূপ হতে দৈনিক ১৯.৫-২১.০ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদনের সম্ভাবনা পরিলক্ষিত হয়েছে। বর্ণিত কার্যক্রম সম্পন্নের প্রেক্ষাপটে টবগী#১ অনুসন্ধান কূপের খনন কার্যক্রম সম্পন্ন হওয়ায় ২টি উৎস অনুসন্ধানের লক্ষ্যমাত্রার বিপরীতে ইতোমধ্যে ১টি অর্জিত হয়েছে।

আরেকটি উৎস অনুসন্ধানের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে উল্লেখ্য যে, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর আওতাধীন বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) এবং সিলেট গ্যাস ফিল্ডস লিঃ (এসজিএফএল) কর্তৃক ১টি করে ২টি অনুসন্ধান কূপ খননের কার্যক্রম বর্তমানে চলমান আছে।

**৩। কূপ খননের অগ্রগতিঃ**

২০২২-২৩ অর্থবছরের এপিএ'র আওতায় ইতোমধ্যে জ্বালানির ১টি উৎস অনুসন্ধানের লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় আরেকটি উৎস অনুসন্ধানের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে চলমান ২টি অনুসন্ধান কূপ খননের নভেম্বর, ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

| ক্রম | কার্যক্রম | বিবরণ |
|---|---|---|
| ১। | শরীয়তপুর#১ অনুসন্ধান কূপ খনন | শরীয়তপুর#১ অনুসন্ধান কূপ ৩২০০ (±১০০) মিটার গভীরতায় খনন, পরীক্ষণ এবং কমপ্লিশন করা হবে। বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য তৈল/গ্যাস আবিস্কার সাপেক্ষে এ প্রকল্প হতে ৭৩.৮ বিলিয়ন ঘনফুট গ্যাস মজুদ বৃদ্ধি পাবে এবং দৈনিক গড়ে ৫-১০ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদিত হবে আশা করা যায়। নভেম্বর, ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:<br><br>**ক) ভূমি অধিযাচন:** কূপ খনন এলাকার ৬.৪৯ একর ভূমি অধিযাচন করা হয়েছে। স্থানীয় সড়ক প্রশস্তকরণ ও বাঁক সরলীকরণের লক্ষ্যে ০.৬৩ একর ভূমি অধিযাচনের নিমিত্তে জেলা প্রশাসন কর্তৃক ক্ষতিপূরণ প্রাক্কলনের কাজ চলছে। |

| | | |
|---|---|---|
| | | **খ) ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ:** কূপ খনন এলাকার ভূমি উন্নয়ন, সংযোগ সড়ক নির্মাণ ও স্থানীয় সড়ক প্রশস্তকরণের কাজ সমাপ্ত হয়েছে। কূপ খনন এলাকায় রিগ ও মেশিনারি ফাউন্ডেশন, গেট ও ফেন্সিং, আবাসিক শেড, কিচেন-ডাইনিং, গোডাউন নির্মাণ ও গভীর নলকূপ স্থাপনসহ বিভিন্ন পূর্ত কাজ সম্পন্ন হয়েছে।<br><br>**গ) বৈদেশিক মালামাল/যন্ত্রপাতি ক্রয়:** প্রকল্পের ডিপিপি'র ক্রয় পরিকল্পনা মোতাবেক বৈদেশিক মালামাল/যন্ত্রপাতির মধ্যে ১৭টি প্যাকেজ এর এলসি স্থাপন করা হয়েছে এবং অধিকাংশ মালামাল আমদানি করা হয়েছে, কিছু আইটেমের মালামাল আমদানির পর্যায়ে রয়েছে।<br><br>**ঘ) তৃতীয় পক্ষীয় সেবা ক্রয়:** প্রকল্পের ডিপিপি'র ক্রয় পরিকল্পনা মোতাবেক ৫টি প্যাকেজ এর এলসি স্থাপন করা হয়েছে এবং কূপ খননকালে সেবা গ্রহণ করা হবে।<br><br>**ঙ) ইআইএ স্টাডি:** পরিবেশ অধিদপ্তর কর্তৃক পরিবেশ ছাড়পত্র সনদ ইস্যু করা হয়েছে।<br><br>**চ) রিগ পরিবহন:** পরিবহন ঠিকাদার ও বাপেক্স এর নিজস্ব পরিবহনের মাধ্যমে যুগপৎভাবে রিগ ও খনন মালামাল পরিবহনের কাজ শেষ হয়েছে।<br><br>**ছ) আবাসিক ক্যাম্প স্থাপন:** বাপেক্স-এর পরিবহনের মাধ্যমে ক্যারাভান শিফটিংপূর্বক ক্যাম্প স্থাপন কাজ সম্পন্ন হয়েছে।<br><br>**জ) রিগ-আপ ও খনন কার্যক্রম:** বিজয়-১০ রিগ-আপ শেষে শরীয়তপুর#১ অনুসন্ধান কূপ ২০০ মিটার পর্যন্ত খননপূর্বক ৩০ ইঞ্চি ও ২০ ইঞ্চি কেসিং স্থাপন করা হয়েছে। বর্তমানে পরবর্তী সেকশন খননের লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে। |
| ২। | কৈলাশটিলা# ৮ অনুসন্ধান কূপ খনন | সিলেটের গোলাপগঞ্জস্থ কৈলাশটিলা স্ট্রাকচারে ২৫০০ (+৫০) মিটার গভীরতায় ১টি অনুসন্ধান কূপ খনন করা হবে। জুন, ২০২৩ এর মধ্যে মূল খনন কাজ শুরুর লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে। নভেম্বর, ২০২২ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:<br><br>**ক) ভূমি অধিগ্রহণ:** সিলেট জেলা প্রশাসক অফিস কর্তৃক ৬.৫৮ একর জমি হস্তান্তর করা হয়েছে।<br><br>**খ) ভূমি উন্নয়ন, রিগ ফাউন্ডেশন, সীমানা প্রাচীর নির্মাণ ও অন্যান্য পূর্ত কাজ:** খনন কার্যক্রম শুরু করার লক্ষ্যে ভূমি উন্নয়ন, এইচবিবি রোড নির্মাণ এবং বক্স কালভার্ট নির্মানের জন্য নির্বাচিত ঠিকাদারের সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। গত ০৪/৮/২০২২ তারিখ হতে প্যালিসাইডিং এর মাধ্যমে ভূমি উন্নয়নের কাজ শুরু হলেও রাস্তার কিছু অংশসহ মূলভূমিতে পানি থাকায় মাটি ভরাটের কাজ যথাসময়ে শুরু করা যায়নি। বর্তমানে পূর্ণমাত্রায় মাটি ভরাটের কাজ শুরু হয়েছে। ভূমি উন্নয়নের পাশাপাশি যুগপৎভাবে রিগ ফাউন্ডেশন ও অন্যান্য পূর্ত কাজের সমন্বয় করে নির্ধারিত সময়ে খনন কাজ শুরু করার জন্য প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে। ভূমি উন্নয়ন, রিগ ফাউন্ডেশন, সীমানা প্রাচীর নির্মাণ ও অন্যান্য পূর্ত কাজের বাস্তব অগ্রগতি ২৫% শতাংশ।<br><br>**গ) বৈদেশিক পরামর্শক সেবা:** বাপেক্স কর্তৃক জিটিও প্রস্তুত সম্পন্ন হয়েছে। বৈদেশিক পরামর্শক সেবা সংগ্রহের লক্ষ্যে নির্বাচিত প্রতিষ্ঠান M/s. Rich Spread Group Limited, China এর সাথে চূড়ান্ত চুক্তি স্বাক্ষরিত হয়েছে। খনন কাজ শুরু হলে পরামর্শক সেবা প্রদান করবে।<br><br>**ঘ) মালামাল ক্রয় ও তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা:** দুই লট খনন মালামাল সরবরাহের জন্য নির্বাচিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে খসড়া চুক্তি সম্পন্ন হয়েছে। খনন মালামালের উদ্ধৃত মূল্য প্রাক্কলিত মূল্য অপেক্ষা বেশি হওয়ায় প্রশাসনিক অনুমোদনের জন্য পেট্রোবাংলার মাধ্যমে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। শীঘ্রই চূড়ান্ত চুক্তি স্বাক্ষরিত হবে আশা করা যায়। অপরদিকে, ৬টি তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা সংগ্রহে নির্বাচিত ঠিকাদার প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হয়েছে। মালামাল ক্রয় ও তৃতীয় পক্ষীয় প্রকৌশল সেবা গ্রহনের নিমিত্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের |

| | | |
|---|---|---|
| | | অনুকূলে এলসি খোলার জন্য ব্যাংকে চিঠি দেওয়া হয়েছে।<br><br>**ঙ) ড্রিলিং অপারেশন:** খনন অপারেশনসহ মাড ইঞ্জিনিয়ারিং ও মাড লগিং সার্ভিস, টেস্টিং সার্ভিস-সহ স্লিক লাইন ইউনিট ভাড়ায় প্রদান বিষয়ে গত ১৪/১২/২০২১ তারিখ বাপেক্সের সাথে খসড়া চুক্তি সম্পন্ন হয়েছে। সিসিজিপি'র অনুমোদন সাপেক্ষে চুড়ান্ত চুক্তি স্বাক্ষর করা হবে। জুন, ২০২৩ মাসে ড্রিলিং অপারেশন শুরু করা হবে।<br><br>**চ) ইআইএ:** পরিবেশ অধিদপ্তর হতে পরিবেশ ছাড়পত্র পাওয়া গিয়েছে। EQMS Consulting Ltd. কে বিল পরিশোধ করা হয়েছে। |

**৪।সিদ্ধান্ত/সুপারিশঃ**

| ক্রম | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১ | জ্বালানি অনুসন্ধান সম্পর্কে অবহিত করার জন্য মনিটরিং টিমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সমন্বয়ে দ্রুত একটি সভার আয়োজন করতে হবে; | বাপেক্স |
| ২ | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সমসাময়িক লার্নিং সেশনে জ্বালানি অনুসন্ধান বিষয়টি অন্তর্ভুক্ত করা যেতে পারে; | বাজেট অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| ৩ | মনিটরিং টিম ডিসেম্বর, ২০২২ সময়ে ভোলা জেলার টবগী#১ অনুসন্ধান কূপ এবং ভোলা নর্থ ওয়েল পরিদর্শন করবে; | বাপেক্স এবং মনিটরিং টিম |
| ৪ | অনুসন্ধান সংশ্লিষ্ট সকল কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি টাইম ফ্রেম অনুযায়ী মাসিকভিত্তিতে মনিটরিং কমিটির নিকট প্রেরণ করতে হবে; | সকল প্রকল্প পরিচালক, বাপেক্স এবং এসজিএফএল |
| ৫ | ২০২২-২৩ অর্থ-বছরের এপিএ গাইডলাইন অনুযায়ী টবগী#১ অনুসন্ধান কার্যক্রমের সকল প্রমাণক ডিসেম্বর, ২০২২ মাসের মধ্যে কমিটির নিকট প্রেরণ করবে। | সংশ্লিস্ট প্রকল্প পরিচালক এবং বাপেক্স |

মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

এম নাসিমুল আলীম
উপমহাব্যবস্থাপক (ভিজিলেন্স)
পেট্রোবাংলা
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

মোহাম্মদ ফারুক হোসেন
যুগ্মসচিব (প্রশাসন-২)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

শাহিনা খাতুন
যুগ্মসচিব (উন্নয়ন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি